নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
নোয়াখালী-৩৮১৪
Noakhali science and Technology University
Noakhali-3814

www.nstu.edu.bd

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone: 880-2334496581, Mobile: 88-01733998894
e-mail: pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২২০৭ ১৪ জুলাই ২০২৫

সংবাদ বিজ্ঞপ্তি

# নোবিপ্রবির সঙ্গে তুরস্কের গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের চুক্তি স্বাক্ষর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) সঙ্গে ইরাসমাস প্লাস প্রোগ্রামের আওতায় তুরস্কের গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের প্রাতিষ্ঠানিক চুক্তি স্বাক্ষরিত হয়েছে। আজ সোমবার (১৪ জুলাই ২০২৫) উপাচার্যের কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে নোবিপ্রবির পক্ষে চুক্তিতে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল। অন্যদিকে গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের পক্ষে স্বাক্ষর করেন বিশ্ববিদ্যালয়ের রেক্টর সেহমোস দিমেইর।

অনুষ্ঠানে নোবিপ্রবি উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, নোবিপ্রবি এবং গাজিয়ানতেপ ইসলামিক সায়েন্স এন্ড টেকনোলজি বিশ্ববিদ্যালয়ের মধ্যে স্বাক্ষরিত এ চুক্তি শিক্ষা ও গবেষণার উন্নয়নে এবং শিক্ষার্থী ও স্টাফ বিনিময়ের ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে। এসময় উপাচার্য চুক্তি সম্পাদনের সঙ্গে যুক্ত সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

নোবিপ্রবি ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স (আইসিইএ) অফিসের তত্ত্বাবধানে অনুষ্ঠানে অন্যান্যের মাঝে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ, নোবিপ্রবি শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর সরকার, ইন্টারন্যাশনাল কোলাবোরেশান এন্ড এক্সটার্নাল অ্যাফেয়ার্স অফিসের অতিরিক্ত পরিচালক ও ইরাসমাস প্লাস প্রোগ্রামের কো-অর্ডিনেটর অধ্যাপক ড. রোকনুজ্জামান সিদ্দিকী, নোবিপ্রবি রেজিস্ট্রার জনাব মোহাম্মদ তামজিদ হোছাইন চৌধুরী, ডেপুটি রেজিস্ট্রার (আইসিইএ) ড. খালেদ মেহেদী হাসান সহ বিভিন্ন বিভাগের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির আওতায় উভয় প্রতিষ্ঠানের শিক্ষার্থী এবং স্টাফ বিনিময়ের ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা করা হবে। এছাড়াও উভয় প্রতিষ্ঠানে উচ্চশিক্ষা ও গবেষণায় এ চুক্তি বিশেষ ভূমিকা রাখবে।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪